

হায়হায়দিন

তারিখ 27 MAR-2012

২৭

শিক্ষা প্রশাসনে গতি আনতে আঞ্চলিক সমাবেশ

যাযাদি রিপোর্ট

জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন, শিক্ষার মানোন্নয়ন, মাঠ পর্যায়ের শিক্ষা প্রশাসনকে গতিশীল করতে দেশের নয়টি অঞ্চলে শিক্ষা সমাবেশ করবে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)।

আগামী ২৬ মে থেকে ২৮ আগস্ট পর্যন্ত এসব সমাবেশের মাধ্যমে সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের মতামতও শোনা হবে।

মাউশির মহাপরিচালক অধ্যাপক নোমান উর রশীদ সোমবার বলেন, আঞ্চলিক পর্যায়ে দেশে প্রথমবারের মতো এ শিক্ষা সমাবেশের আয়োজন করা হয়েছে।

মাউশির নয়টি আঞ্চলিক কার্যালয়ে এ সমাবেশ হবে। সমাবেশের মাধ্যমে উচ্চ বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী ও তাদের অভিভাবক এবং পরিচালনা পর্ষদের সদস্যের বিভিন্ন বিষয়ে নিকনির্দেশনা দেয়ার পাশাপাশি শিক্ষার উন্নয়নে তাদের মতামত নেয়া হবে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রত্যেক সমাবেশে উপস্থিত থাকবেন বলেও অধ্যাপক নোমান জানান।

তিনি জানান, গত শনিবার মাউশির নয়টি আঞ্চলিক কার্যালয়ের উপপরিচালকদের সঙ্গে এক জরুরি সভায় সমাবেশের তারিখ চূড়ান্ত করা হয়েছে।

২৬ মে রংপুর অঞ্চলে, ২৭ মে রাজশাহী, ১৬ জুন কুলনা, ১৭ জুন বরিশাল, ১৪ জুলাই ঢাকা, ১৫ জুলাই ময়মনসিংহ, ১১ আগস্ট চট্টগ্রাম, ১২ আগস্ট কুমিল্লা এবং ১৮ আগস্ট সিলেট অঞ্চলে এ শিক্ষা সমাবেশ হবে।

মাউশির-আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা, জেলা প্রশাসনের প্রতিনিধিসহ সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তারা এতে অংশ নেবেন।

মহাপরিচালক বলেন, সমাবেশে কোনো শিক্ষক বা কর্মকর্তার বিরুদ্ধে গুরুতর অভিযোগ এলে এবং তার প্রমাণ পেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে তাত্ক্ষণিক ব্যবস্থা নেয়া হবে।